যুগান্তর
প্রিন্ট: ২৩ জুন ২০২৬, ১০:৩৫ এএম

শিক্ষাঙ্গন

# নতুন নিয়মে প্রাথমিকের শিক্ষকদের পদায়ন

Advertisement

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ২২ জুন ২০২৬, ০৭:১১ পিএম




ফাইল ছবি




লাইভ

গ্রুপ জে

জর্ডান ১ - ১ আলজে...

মঙ্গলবার ২৩ জুন ২০২৬

## পরবর্তী খেলাসমূহ

**মঙ্গলবার ২৩ জুন ২০২৬**

[গ্রুপ কে] রাত ১১টা

পর্তুগাল – উজবে...

এনআরজি স্টেডিয়াম, হিউস্টন, যুক্তরাষ্ট্র

**বুধবার ২৪ জুন ২০২৬**

[গ্রুপ এল] রাত ২টা

ইংল্যান্ড – ঘানা

জিলেট স্টেডিয়াম, ম্যাসাচুসেটস, যুক্তরাষ্ট্র

সারা দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে নতুন নিয়োগ পাওয়া সহকারী শিক্ষকদের পদায়নের ক্ষেত্রে বিশেষ নির্দেশনা দিয়েছে সরকার। এখন থেকে নবনিয়োগপ্রাপ্ত শিক্ষকদের পদায়ন সম্পূর্ণ স্বচ্ছ প্রক্রিয়ায় লটারির মাধ্যমে নিশ্চিত করা হবে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিদ্যালয়-২ অধিশাখা থেকে জারি করা এক বিশেষ প্রজ্ঞাপনে এ নির্দেশনা দেওয়া হয়েছে।

মন্ত্রণালয়ের উপসচিব রাজীব কুমার সরকারের সই করা ওই প্রজ্ঞাপনে জানানো হয়, নতুন শিক্ষকদের পদায়ন প্রক্রিয়াটি সুশৃঙ্খলভাবে সম্পন্ন করার দায়িত্ব দেওয়া হয়েছে সদ্য গঠিত একটি 'জেলা কমিটির' ওপর। জেলা প্রশাসককে (ডিসি) সভাপতি এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে সদস্য-সচিব করে গঠিত এ বিশেষ কমিটি সরাসরি নতুন শিক্ষকদের পদায়নের বিষয়টি তদারকি করবেন।

এ কাজের জন্য গঠিত জেলা কমিটিতে আরও অন্তর্ভুক্ত থাকছেন জেলা শিক্ষা অফিসার এবং জেলা প্রশাসক কর্তৃক মনোনীত দুইজন গণ্যমান্য ব্যক্তি।

নতুন নির্দেশনা অনুযায়ী, জেলা পর্যায়ের এ কমিটি নবনিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকদের লটারির মাধ্যমে সংশ্লিষ্ট জেলার উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পদায়ন নিশ্চিত করবেন। কোনো ধরনের অনিয়ম, তদবির বা অনাকাঙ্ক্ষিত প্রভাব এড়াতে এবং পদায়নে সম্পূর্ণ স্বচ্ছতা বজায় রাখতেই লটারি পদ্ধতি অনুসরণের এ কঠোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, এ কমিটি প্রতি মাসে ন্যূনতম একবার সভা আহ্বান করে পদায়ন ও বদলি সংক্রান্ত এসব বিষয় পর্যালোচনা করবেন। একই সঙ্গে সভার কার্যবিবরণীসহ বিস্তারিত প্রতিবেদন বিভাগীয় উপপরিচালকের (প্রাথমিক শিক্ষা) কার্যালয়ে প্রেরণ করবেন।

জনস্বার্থে জারি করা মন্ত্রণালয়ের এ নতুন নিয়ম অবিলম্বে কার্যকর করা হবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।